**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**27 JULY 2025** **7:45PM**

================================================================================

১) একবিংশ শতকে ভারত শক্তি নবীকরণের সংগে বিজ্ঞান ক্ষেত্রে ও এগিয়ে চলেছে বলে আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) কাজিরাঙা জাতীয় উদ্যানে পাখি সমীক্ষায় ৪৩ টি প্রজাতির পাখির তথ্য পাওয়া গেছে বলে প্রধানমন্ত্রীর প্রকাশ ।

৩) রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার শ্রীভূমি শহর জল সরবরাহ প্রকল্পের ভূমি পূজা কার্যসূচীতে অংশ গ্রহণ ।

৪) ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে কোকরাঝারে শুরু ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একবিংশ শতকে ভারত শক্তি নবীকরণের সংগে বিজ্ঞান ক্ষেত্রে ও এগিয়ে চলেছে বলে  আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে মন্তব্য করেন ।বায়ু সেনা বাহিনীর গ্রুপ কেপ্টেইন শুভাংশু শুক্লা মহাকাশ থেকে নিরাপদে প্রত্যাবর্তন করায় সমগ্র দেশ গৌরবান্বিত বলে তিনি উল্লেখ করেন । ২০২৩ সালের আগষ্ট মাসে চন্দ্রযান  - ৩ এর সফল অবতরণে দেশে একটি নতুন পরিবেশের সৃষ্টি হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে শিশুরা বিজ্ঞান ও মহাকাশের প্রতি কৌতুহলী হয়ে উঠা সহ তারা মহাকাশ বিজ্ঞানী হোয়ার ও স্বপ্ন দেখে । প্রধানমন্ত্রী শিশুদের মধ্যে উদ্ভাবনী প্রতিভার বিকাশের লক্ষে গ্রহণ করা ইন্সপায়ার মানক শীর্ষক অভিযানের বিষয়ে উল্লেখ করেন । এই পদক্ষেপের অধীনে প্রত্যেকটি স্কুল থেকে পাচটি করে শিশুকে বাছাই করা হয় । এপর্যন্ত বেশ কয়েক লক্ষ শিশু এই কার্যসূচীতে অংশ গ্রহণ করেছে বলে উল্লেখ করে শ্রী মোদী সন্তোষ প্রকাশ করেন । দেশে মহাকাশ ষ্টার্টাপ ক্ষেত্রের প্রগতির বিষয়ে উল্লেখ করে  তিনি বলেন যে ৫ বছর  আগে মহাকাশ ক্ষেত্রে ৫০ এর বেশী কম ষ্টার্টাপ থাকার বিপরীতে সম্প্রতি এই সংখ্যা ২০০ অতিক্রম করেছে ।

কাজিরাঙা জাতীয় উদ্যানে প্রথমবারের জন্য করা পক্ষী সমীক্ষায় ৪৩ টি প্রজাতির পক্ষীর তথ্য পাওয়া গেছে । তিনি বলেন যে এই সমীক্ষায় কম্পিউটার প্রযূক্তি ব্যবহারের মাধ্যমে শব্দ বাণীবদ্ধ করার কিছু যন্ত্রপাতি স্থাপন করার পর যন্ত্রগুলিতে বাণীবদ্ধ হোয়া শব্দ বিশ্লষণ করা হয় । এই পদক্ষেপের সংগে জড়িত সমগ্র দলটির প্রশংসা করে শ্রীমোদী দেশের জৈব বৈচিত্রের আর্ন্তজাতিক স্বীকৃতি ত্বরান্বিত করার উদ্দেশ্যে এধরণের পদক্ষেপ গুরুত্বপূর্ন বলে মন্তব্য

করেন । শ্রীমোদী কাজিরাঙার অতুলনীয় সৌন্দর্যের কথা উল্লেখ করে জাতীয় উদ্যানের বিপন্ন প্রজাতির চরাই এর বাসস্থানের বিষয়ে উল্লেখ করেন ।

আগামী ২৩ শে আগষ্ট জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হবে ।শ্রী মোদী নমো এ্যাপের মাধ্যমে এই দিবস উদযাপন সম্পর্কে নিজের মনোভাব প্রকাশ করার জন্য শ্রোতাদের প্রতি আহ্বান জানান । চলতি মাসে দুবাইতে অনুষ্ঠিত আর্ন্তজাতিক রসায়ন অলিম্পিয়াডে পদক অর্জন করে দেশকে গৌরাবান্বিত করা শিক্ষার্থীদের শ্রীমোদী প্রশংসা করেন । অষ্ট্রেলিয়াতে অনুষ্ঠিত আর্ন্তজাতিক গণিত আলিম্পিয়াডে ভারতীয় শিক্ষার্থীরা তিনটি সোণা , ২ টো রুপো ও একটি ব্রোঞ্জের পদক অর্জন করে ।

আগষ্ট মাস বিপ্লবের মাস বলে উল্লেখ করে তিনি স্বাধীনতা সংগ্রামী ক্ষুদিরাম বসুর সাহসের দৃষ্টান্ত তুলে ধরেন ।প্রধানমন্ত্রী দেশের মুক্তিযোদ্ধাদের অতুলনীয় ত্যাগের মাধ্যমে দেশ স্বাধীন হোয়ার কথা স্মরণ করেন । তিনি বলেন পয়লা আগষ্ট লোকমান্য বাল গংগাধর তিলকের মৃত্যু বার্ষিকী তথা ৮ ই আগষ্ট মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ত্যাগ আন্দোলন আরম্ভ হোয়ার কথা ও তিনি উল্লেখ করেন ।১৯০5 সালের ৭ ই আগষ্ট স্বদেশী আন্দোলন আরম্ভ হোয়ার বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে এই আন্দোলন হস্ততাঁত সহ স্থানীয় উৎপাদনগুলির বিকাশ ত্বরান্বিত করেছিল । এই আন্দোলের স্মৃতিতে দেশে ৭ ই আগষ্ট দিনটি জাতীয় হস্ততাঁত দিবস হিসেবে পালন করার কথা ও তিনি উল্লেখ করেন ।

বস্ত্রক্ষেত্র সম্প্রতি দেশে অন্যতম শক্তিশালী ক্ষেত্র হয়ে উঠেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে বিগত দশকে দেশের বিভিন্ন প্রান্তে

অগনন লোক এই ক্ষেত্রে জড়িত হয়ে  অতুলনীয় বস্ত্র সামগ্রী তৈরী করে তুলে ধরেছেন ।দেশে সম্প্রতি ৩ হাজারের ও বেশী অধিক বস্ত্র ষ্টার্টাপের কাজ অব্যাহত রয়েছে বলে প্রকাশ করে তিনি বলেন যে ভারত আত্মনির্ভরশীলতা তথা ভোকেল ফর লোকেল ভাবাদর্শের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে ।

---

ভারতীয় জনতা পার্টির  পক্ষ থেকে আজ রাজ্যের বিভিন্ন জেলার বুথগুলিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠান শুনার ব্যবস্থা করা হয়েছে ।
এ উপলক্ষ্যে রাজ্যের মন্ত্রী প্রশান্ত ফুকন আজ ডিব্রুগড়ের ১৫৮ নম্বর বুথে , শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু ধেমাজীর নিমাতীচূক হরিমন্দির প্রাঙ্গনে দলীয় কর্মকর্তাদের সাথে মন কি বাত-এর অনুষ্ঠান শুনেন ।

এদিকে রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , কৌশিক রাই , কৃষ্ণেন্দু পাল , বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , শ্রীভূমি পৌরসভা সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , জেলা সভাপতি সঞ্জীব বণিক , প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস প্রমূখ শ্রীভূমি জেলা গ্রন্থাগার ভবনে মন কি বাত-এর অনুষ্ঠান শুনেছেন ।

---

উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয় উত্তর পূর্বাঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে ২০২৬ সালের ৩১ শে মার্চ পর্যন্ত মোট ১৬ হাজার ৩৩২ কোটি টাকা মঞ্জুর করেছে । সাংসদ দিলীপ শইকিয়া এবং অন্য দুজন

সাংসদের প্রশ্নের উত্তরে উত্তরপূর্ব উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার গতকাল লোকসভায় একথা জানান ।শ্রী মজুমদার জানান যে উত্তরপূর্বাঞ্চলের জন্য প্রধানমন্ত্রী উন্নয়ন পদক্ষেপের অধীনে ৬ হাজার ৬০০ কোটি , উত্তরপূর্বাঞ্চল বিশেষ পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের সড়ক উন্নয়ন বাবদ ২ হাজার ৭১৮ কোটি এছাড়া অন্যান্য খাতে ৩ হাজার ৭৯৬ কোটি , উত্তরপূর্ব উন্নয়ন পর্ষদের বিভিন্ন প্রকল্পের জন্য ১ হাজার ৯৬৮ কোটি এবং আসামের জন্য বিশেষ প্যাকেজের অধীনে ১ হাজার ২৫০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে ।

---

আসাম লোকসেবা আয়োগের নিযুক্তিতে অনিয়ম সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মা নেতৃত্বাধীন বিচারবিভাগীয় কমিশনের পরামর্শ সরকার কিভাবে কার্যকর করেছে সেই সম্পর্কে আগামী ৩১ শে জুলাই সুপ্রীম কোর্টে তথ্য দাখিল করবে ।গৌহাটী হাইকোর্ট এই সম্পর্কে রাজ্য সরকারকে প্রশ্ন উত্থাপন করা সহ তথ্য দাখিল করার নির্দেশ দেয় ।

---

রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ শ্রীভূমি শহরের লঙ্গাই রোডে শ্রীভূমি নগর জল সরবরাহ প্রকল্প-র ভূমি পূজা কার্য্যসূচীতে অংশগ্রহন করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রীমহন্ত বলেন যে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা শিলচরে অনুষ্ঠিত কেবিনেট বৈঠকে শ্রীভূমি শহরের জল সরবরাহ প্রকল্পের কথা ঘোষনা

করেছিলেন । এই প্রকল্প ২০২৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হবে এবং এই প্রকল্প থেকে শ্রীভূমি শহরের প্রায় ৭৫ হাজার মানুষ উপকৃত হবেন । মন্ত্রী শ্রীবরুয়া আরো জানান ----

বাইট

আজকের অনুষ্ঠানে রাজ্যের খাদ্য ,গণ বন্টন ,খনি ও খনিজ সম্পদ ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ,পূর্ন,মীন পশু ও পশুপালন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , শ্রীভূমি বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বনিক প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

পশ্চিম কার্বি-আংলং জেলার আসাম মেঘালয় সীমান্তে গতকাল রাতে দুষ্কৃতকারীরা সীমান্তের স্তম্ভ ভেঙ্গে ফেলার পরিপ্রেক্ষিতে পরিস্থিতি পুনরায় উত্তপ্ত হয়ে পড়ে । আকাশবাণীর পশ্চিম কার্বি-আংলং সংবাদদাতা জানিয়েছেন যে গত দুদিন ধরে আসামের সীমান্তে মেঘালয়ের দুষ্কৃতকারীরা ধানক্ষেত নষ্ট করছে । এরপর গতকাল রাতে পুনরায় এধরণের ঘটনার সংঘঠিত হওয়ায় সীমান্ত অঞ্চলে চাপা উত্তেজনা বিরাজ করছে ।

---